(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক শাখা-৪
**www.mhapsd.gov.bd**

স্মারক নম্বর-৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১ / ২৫ আগস্ট ২০২৪

## প্রজ্ঞাপন

বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) স্থগিত করা হলো। স্থগিতকৃত লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সমূহ আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। উক্ত তারিখের মধ্যে কোন অস্ত্র/গোলাবারুদ থানায় জমা না দেওয়া হলে অবৈধ অস্ত্র হিসেবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে। ইতোমধ্যে যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা ট্রেজারী ও আর্মস ডিলারদের নিকট জমা রাখা আছে; তাদের ক্ষেত্রে অস্ত্র জমাদানের বিষয়টি প্রযোজ্য হবে না। The Arms Act,1878 (Act XI of 1878) এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেটগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৫/০৮/২০২৪

(মো: আরিফ-উজ-জামান)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৯৭৭
dspol4mha@gmail.com

বিতরণ:

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার ............................... (সকল)।
৩। পুলিশ কমিশনার................................. (সকল)।
৪। রেঞ্জ ডিআইজি .....................................(সকল)।
৫। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট.....................................(সকল)।
৬। পুলিশ সুপার.........................................(সকল)।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।